

ফাতওয়া নান্বার: ৩৭১

প্রকাশকাল: ২২-০৫-২০২৩ ইং

## এক তালাক দিয়ে ফিরিয়ে নিয়ে আরেক তালাক দিলে কয় তালাক হয়?

### প্রশ্নঃ

যদি কেউ তার স্ত্রীকে এক তালাক দেয় এবং পরবর্তীতে আবার ফিরিয়ে নেয় এবং পরে আবার যদি এক তালাক দেয়, তবে সেটি কি এক তালাক হবে, না দুই তালাক হিসেবে গণ্য হবে?

নাম- তানজিব

### উত্তরঃ

স্ত্রীকে এক ‘তালাকে রাজই’ দিয়ে, ইদতের মধ্যে ‘রুজু’ করার (ফিরিয়ে আনার) পর পুনরায় এক তালাক দিলে, তা আগেরটার সঙ্গে যুক্ত হয়ে দুই তালাক গণ্য হয়। অর্থাৎ এরপর স্বামী উক্ত স্ত্রীর ক্ষেত্রে মাত্র একটি তালাকের মালিক থাকে। এরপর কখনও আরেক তালাক দিলে তা তিন তালাক গণ্য হয় এবং উক্ত স্বামী-স্ত্রী পরস্পরের জন্য সম্পূর্ণ হারাম হয়ে যায়।-ফাতাওয়া হিন্দিয়া, দারুল ফিকর: ১/৫৪৫, আলবাহরুর রায়েক, যাকারিয়া বুক ডিপো: ৪/৯১, আদদুররুল মুখতার, দারুল কুতুবিল ইলমিয়াহ: ২৩০

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২২-০৭-১৪৪৪ হি.

১৪-০২-২০২৩ ইং

